

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭১৯ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ কতিপয় যিকরের বিশেষ মাহাত্ম্য

আরবী

عَنْ شُعَيْبٍ عَنْ جَدِّهِ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ قَالَ: سُبْحَانَ اللهِ مِئَةَ مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا كَانَ أَفْضَلَ مِنْ مِئَةٍ بَدَنَةٍ وَمَنْ قَالَ: الْحَمْدُ للهِ مِئَةَ مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا كَانَ أَفْضَلَ مِنْ مِئَةٍ فَرَسٍ يَحْمِلُ عَلَيْهَا وَمَنْ قَالَ: اللهُ أَكْبَرُ مِئَةَ مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا كَانَ أَفْضَلَ مِنْ عِتْقِ وَمَنْ قَالَ: اللهُ أَكْبَرُ مِئَة مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا كَانَ أَفْضَلَ مِنْ عِتْقِ مِئَةٍ رَقَبَةٍ وَمَنْ قَالَ: لَا إِلٰهَ إِلاَّ اللهُ وَحْدَة لاَ شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ مِئَةً مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا لَمْ يَجِيءُ يَوْمَ الْقِيَامَةِ أَحَدٌ بِعَمَلٍ شَيْءٍ قَدِيرٌ مِئَةَ مَرَّةٍ قَبْلَ طُلُوعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوبِهَا لَمْ يَجِيءُ يَوْمَ الْقِيَامَةِ أَحَدٌ بِعَمَلٍ أَفْضَلَ مِنْ عَمَلِهِ إِلاَّ مَنْ قَالَ قَوْلَهُ أَوْ زَاد

বাংলা

(৩৭১৯) আমর বিন শুআইব, তিনি তাঁর পিতা হতে এবং তাঁর পিতা তাঁর (আমরের) পিতামহ হতে এবং তিনি নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন, তিনি বলেন, ''যে ব্যক্তি সূর্যের উদয় ও অসেত্মর পূর্বে ১০০ বার 'সুবহা-নাল্লাহ' বলবে, তার জন্য তা ১০০টি (মক্কায় কুরবানীযোগ্য) উদ্ধী অপেক্ষা অধিক শ্রেষ্ঠ। যে ব্যক্তি সূর্যের উদয় ও অসেত্মর পূর্বে ১০০বার 'আলহামদু লিল্লাহ' বলবে তার জন্য তা আল্লাহর পথে (জিহাদের) জন্য সওয়ারী ১০০টি ঘোড়া অপেক্ষা শ্রেষ্ঠতর। যে ব্যক্তি সূর্যের উদয় ও অসেত্মর পূর্বে ১০০ বার 'আল্লাহ আকবার' বলবে, তার জন্য তা ১০০টি ক্রীতদাস স্বাধীন করা অপেক্ষা শ্রেষ্ঠতর। আর যে ব্যক্তি সূর্যের উদয় ও অসেত্মর পূর্বে ১০০বার 'লা ইলাহা ইল্লাল্লাহু অহদাহু লা শারীকা লাহু, লাহুল মূলকু অলাহুল হামদু, অহুয়া আলা কুল্লি শাইয়িন কাদীর' বলবে সে ব্যক্তির আমল অপেক্ষা শ্রেষ্ঠ আমল নিয়ে কিয়ামতে আর অন্য কেউ উপস্থিত হতে পারবে না। অবশ্য যদি কেউ তারই অনুরূপ অথবা তার চেয়ে অধিকবার ঐ যিকর বলে থাকে তবে সে পারবে।

ফুটনোট

(নাসাঈর কুবরা ১০৬৫৭, সহীহ তারগীব ৬৫৮)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন